দৈনিক ইত্তেফাক

তারিখ 29 SEP 1989
পৃষ্ঠা ... কলাম ...

## প্রশ্নপত্র ফাঁসের ঘটনা তদন্তে কমিটি গঠন

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

অর্থনীতি তৃতীয় পত্রের প্রশ্নপত্র ফাঁসের ব্যাপারে তদন্তের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গতকাল (বৃহস্পতিবার) ৪ সদস্যের

(১১শ পৃ: দ্র:)

## প্রশ্নপত্র ফাঁস

( ১ম পৃ: পর )

তদন্ত কমিটি গঠন করিয়াছে। সামাজিক বিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর আনোয়ার উল্লাহ চৌধুরী কমিটির চেয়ারম্যানের দায়িত্ব পালন করিবেন। জানা যায়, প্রশ্নপত্র ফাঁসের প্রতিবাদে একদল ছাত্র গতকাল (বৃহস্পতিবার) ক্যাম্পাসে মিছিল শেষে প্রো-ভিসি ডঃ এমাজউদ্দিন আহমেদের নিকট স্মারকলিপি পেশ করে। ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন কলেজের অর্থনীতি বিভাগের ৪১জন ছাত্র-ছাত্রী এক বিবৃতিতে এই ঘটনায় প্রশ্নপত্র প্রণয়ন কমিটির চেয়ারম্যানকে দায়ী করিয়াছে। বিবৃতিতে প্রশ্নপত্র ফাঁসের সহিত জড়িত ব্যক্তিদের শাস্তি দাবী করা হয়।

এদিকে গতকাল প্রাণীবিদ্যা তৃতীয় পত্রের প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ পাওয়া গিয়াছে। মুজাদির হোসেন নামে জগন্নাথ কলেজের একজন পরীক্ষার্থী এই অভিযোগ করিয়া জানান, গতকাল কলেজে পরীক্ষা শুরুর আধঘন্টা পূর্বে কতিপয় ছাত্রের মুখে উচ্চারিত প্রশ্নমালা মূল প্রশ্নপত্রের অনুরূপ ছিল।

## লেবরেটরী স্কুলের ঘটনা তদন্তে কমিটি

২৫ ও ২৬শে সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরী স্কুলে পরীক্ষা পিছানোর দাবীতে সংঘটিত বোমা বাজির ঘটনা তদন্তে কমিটি গঠন করা হইয়াছে। স্কুলের ছাত্র, শিক্ষক ও অভিভাবককে তদন্ত কমিটির নিকট প্রয়োজনীয় তথ্য মৌখিক অথবা লিখিতভাবে পেশ করার জন্য অনুরোধ করা হইয়াছে।